

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ পরিপত্র নং-১০/২০১৮

তারিখ : ০২.০৮.২০১৮খ্রিঃ

বিষয় : ২০১৮-২০১৯ অর্থবছরে শাখার ঋণ সুদ আয়, আমানত সুদ ব্যয়, এ্যানসিলারী বিজনেস আয় ও পরিচালন মুনাফা লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং অর্জন প্রসংগে

বাংলাদেশ কৃষি ব্যাংক, পরিচালনা পর্ষদের ১৬-০৭-২০১৮ তারিখে অনুষ্ঠিত ৭১৪তম সভায় ২০১৮-২০১৯ অর্থবছরে ব্যাংক শাখাসমূহের ১৫০০ কোটি টাকা ঋণ সুদ আয়, ১২০০ কোটি টাকা আমানত সুদ ব্যয়, ১০০ কোটি টাকা এ্যানসিলারী বিজনেস আয় ও ১২০০ কোটি টাকা পরিচালন মুনাফা অর্জন লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয় যা নিম্নোক্তভাবে বিভাগওয়ারী বন্টন করে দেয়া হলো। লক্ষ্যমাত্রা বিভাগীয় মহাব্যবস্থাপকগণ আগামী ০৭.০৮.২০১৮ তারিখের মধ্যে স্ব স্ব মুখ্য অঞ্চল/অঞ্চল ও কর্পোরেট শাখাসমূহে এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ বিভাগীয় কার্যালয় কর্তৃক প্রদত্ত লক্ষ্যমাত্রা অঞ্চলাধীন সকল শাখার মধ্যে আগামী ০৯.০৮.২০১৮ তারিখের মধ্যে বন্টনপূর্বক বন্টনকৃত লক্ষ্যমাত্রার কপি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১'এ প্রেরণ করার পরামর্শ প্রদান করা হলো।

(কোটি টাকায়)

ক্র	বিভাগ	ঋণ সুদ আয়	আমানত সুদ ব্যয়	নেট ইন্টারেস্ট মার্জিন	এ্যানসিলারী বিজনেস	পরিচালন মুনাফা
১	২	৩	৪	৫ (৩-৪)	৬	৭
১	ঢাকা	৩৩৫.০০	৩২০.০০	১৫.০০	১৭.০০	৩১৫.০০
২	ময়মনসিংহ	১৮০.০০	৭৫.০০	১০৫.০০	১৫.০০	১২৫.০০
৩	কুমিল্লা	১৪০.০০	১২০.০০	২০.০০	১২.০০	১০৫.০০
৪	চট্টগ্রাম	১৭০.০০	১৬০.০০	১০.০০	১০.০০	২১৫.০০
৫	সিলেট	৮০.০০	৬০.০০	২০.০০	৬.০০	৯৫.০০
৬	খুলনা	১২০.০০	৮৫.০০	৩৫.০০	১২.০০	৫৫.০০
৭	কুষ্টিয়া	১০৫.০০	৫০.০০	৫৫.০০	৬.০০	৬৫.০০
৮	বরিশাল	১২০.০০	১১০.০০	১০.০০	৭.০০	২৫.০০
৯	ফরিদপুর	৯০.০০	৭০.০০	২০.০০	৬.০০	৪৫.০০
১০	এলপিও	১৬০.০০	১৫০.০০	১০.০০	৯.০০	১৫৫.০০
সর্বমোট :		১৫০০.০০	১২০০.০০	৩০০.০০	১০০.০০	১২০০.০০

০২। ব্যাংকের আয়ের সিংহভাগ আসে ঋণের সুদ আয় হতে। কিন্তু শ্রেণীবিন্যাসিত ঋণের আধিক্য ও আদায়ে স্থবিরতা, ৫২-স্থগিত সুদ হতে আয় খাতে স্থানান্তরের পরিমাণ কম হওয়া, গুনগত ও মানসম্পন্ন অশ্রেণীকৃত ঋণের পরিমাণ কাংখিত পর্যায়ে উন্নীত না হওয়া, সুদ মওকুফ/ঋণ অবলোপন প্রভৃতি কারণে ব্যাংকের সুদ আয় কাংখিত পরিমাণে অর্জিত হয়না। ব্যাংকের লোকসান হ্রাস করে মুনাফা অর্জনকারী প্রতিষ্ঠানে উন্নীতকরণের লক্ষ্যে সুশৃংখল আর্থিক ব্যবস্থাপনা গড়ে তোলার বিকল্প নেই যার একমাত্র সমাধান ব্যাংকের আয় বৃদ্ধি করা।

০৩। ব্যাংকের ঋণের সুদ আয়সহ সকল খাত হতে আয় বৃদ্ধির লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করতে হবে :


- শ্রেণীকৃত ঋণের পরিমাণ ক্রমান্বয়ে হ্রাসকরণ;
- জেনারেল ব্যাংকিং সুবিধা (ফি ও কমিশন খাত) সম্প্রসারণের মাধ্যমে অন্যান্য আয় বৃদ্ধিকরণ;
- বৈদেশিক বিনিময় ব্যবসা/ননফান্ডেড ব্যবসা বৃদ্ধির মাধ্যমে আয় বৃদ্ধিকরণ;
- শ্রেণীকৃত ঋণ আদায়ের মাধ্যমে ৫২ স্থগিত খাতে হিসাবভুক্ত স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরকরণ;
- প্রি-ম্যাচিউরড অশ্রেণীকৃত ঋণ আদায় না করে নির্ধারিত সময়ে আদায়ের মাধ্যমে সুদ আয় বৃদ্ধিকরণ;
- শ্রেণীকৃত ঋণ আদায় করে পুনরায় বিতরণের মাধ্যমে অশ্রেণীকৃত ঋণের পরিমাণ বৃদ্ধিকরণ;
- বন্ধকী ঋণসহ খাত ভিত্তিক মানসম্পন্ন ঋণ বিতরণ;
- মেয়াদী আমানত, এসপিএসসহ বিভিন্ন স্কীমের বিপরীতে অধিক পরিমাণ ঋণ বিতরণের মাধ্যমে বর্ণিত আমানতসমূহের নীট সুদ ব্যয় কমিয়ে আনা;
- অবলোপনকৃত ঋণ আদায়ের মাধ্যমে আয় বৃদ্ধিকরণ এবং
- বৈদেশিক রেমিটেন্স আহরণের জন্য প্রবাসীদের সাথে যোগাযোগ বৃদ্ধিকরণ।

চলমান পাতা-২

০৪। আর্থিক ভিত্তি সুদৃঢ়করণের মাধ্যমে ব্যাংককে মুনাফা অর্জনকারী প্রতিষ্ঠানে উত্তরণের জন্য ব্যয়ের সর্বোচ্চ খাত তথা আমানতের উপর সুদ ব্যয় হ্রাসের উদ্দেশ্যে নিম্নোক্ত কৌশলসমূহ অবলম্বন করতে হবে :

- সুদ বিহীন ও কমসুদবাহী আমানত অধিক পরিমাণে সংগ্রহকরণ;
- অধিক সুদবাহী আমানত ক্রমান্বয়ে ছাড়করণ ও কমসুদবাহী আমানত সংগ্রহের মাধ্যমে উদ্ধৃত ঘাটতি পূরণকরণ;
- আমানত মিশ্রন'এ (চলতি ২০%, সঞ্চয়ী ও এসএনডি ৫০%, মেয়াদী ২০% ও অন্যান্য ১০%) গুণগত পরিবর্তন এনে স্থিতিশীল আমানত ভিত্তি গড়ে তোলা;
- কষ্ট অব ডিপোজিট কাংখিত পর্যায়ে নামিয়ে আনা (২০১৭-২০১৮ বছরের কষ্ট অব ডিপোজিট ছিল ৯.৮৮) এবং
- নিয়ন্ত্রিত খাতসমূহের ব্যয় বাজেটের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

০৫। শাখার আয় বৃদ্ধি করার লক্ষ্যে ঋণ সুদ আয়, আমানত সুদ ব্যয়, এ্যানসিলারী বিজনেস আয় ও পরিচালন মুনাফা লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে বছরের শুরু থেকেই কর্মপরিকল্পনা গ্রহন এবং শাখার সকল কর্মকর্তা/কর্মচারীকে সম্পৃক্ত করে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রদানকৃত বিভিন্ন কলাকৌশল ও দিকনির্দেশনা বাস্তবায়নের জন্য সকলকে নির্দেশ প্রদান করা হলো।


(শেখ মাহমুদ কামাল)


মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ)

নং-প্রকা/হিসাব-১/১৭(৬৫)/২০১৮-২০১৯/৮১(১২৫০)

তারিখ : ০২.০৮.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা/অধ্যক্ষ, স্টাফ কলেজ, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/ বিভাগীয় কার্যালয়
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা; উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা'কে পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো
০৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি
০৬. উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/সকল কর্পোরেট শাখা, বিকেবি
০৭. সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বিকেবি
০৮. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি
০৯. সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে)
১০. নথি/মহানথি


০২/০৮/১৮
(মোঃ আবু জাফর হাওলাদার)
উপ-মহাব্যবস্থাপক